



গণপ্রজাতন্ত্রী
সংসদ
Bangladesh



জেলা পরিষদ, কুমিল্লা।

www.comillazp.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং: ৪৬.২০.৪৬.০০.০০১.৪১.০০৭.২০২২-৩৫০

তারিখ: ৩১/০৮/২০২২খ্রিঃ

মেধাবী ছাত্র-ছাত্রীদের এককালীন শিক্ষাবৃত্তি প্রদান বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ অর্থ বছরের কুমিল্লা জেলা পরিষদের নিজস্ব তহবিলের আওতায় কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দা ২০২১ সালে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী ছাত্র-ছাত্রী যারা বর্তমানে বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত আছেন তাদেরকে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের জন্য নির্ধারিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে ও সময়ে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আর্থিক অস্বচ্ছল মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে বৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

আবেদনের শর্তাবলী

- ১। আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ২০২১ সালে অনুষ্ঠিত এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় জি.পি.এ- ৫.০০ থাকতে হবে।
- ২। মুক্তিযোদ্ধা পোষ্য/প্রতিবন্ধী/উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে জি.পি.এ-৪.৫০ থাকতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্য প্রমাণের জন্য কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার অনুকূলে প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা বিভাগ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৩। আবেদনকারীকে অবশ্যই কুমিল্লা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলরের নিকট থেকে নাগরিকত্ব সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদনপত্র সঠিকভাবে পূরণ করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর/মতামতসহ আগামী ৩১/১০/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লা বরাবর সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর ব্যতিত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৫। আবেদনপত্রের সাথে এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৬। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত (গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ছবি সংযুক্ত করতে হবে।
- ৭। আর্থিক অস্বচ্ছল মেধাবী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে আবেদনকারীকে আর্থিক অস্বচ্ছলতার বিষয়ে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ৮। আবেদনের জন্য নির্ধারিত আবেদন ফরম কুমিল্লা জেলা পরিষদ কার্যালয়/জেলা পরিষদ এর ওয়েবসাইট www.comillazp.gov.bd এবং জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে (ফটোকপি গ্রহণযোগ্য)।
- ৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এতদ্বিষয়ে প্রকাশিত বিজ্ঞপ্তির যে কোন শর্ত সংশোধন, পরিবর্তন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০। প্রয়োজনে এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি কুমিল্লা জেলা পরিষদে কর্মরত প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ এনামুল হক (মোবাইল: ০১৭১৫৭০৭৩৯৮), সাঁটলিপিকার জনাব তানভীর আহমেদ (মোবাইল: ০১৯৪০২৫৬৯৯৮) এবং জেলা পরিষদ, কুমিল্লার ওয়েবসাইট www.comillazp.gov.bd থেকে জানা যাবে।



(মোঃ হেলাল উদ্দিন)

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ, কুমিল্লা।

ফোনঃ ০২৩৩৪৪০২৫৭৭ (অঃ)

মোবাইল: ০১-১৪-৭০২৯৭১

Email- zpcomid@lga.gov.bd